উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৮ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ জামাল মোস্তফা, প্যানেল মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	:	১৪ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ ॥ ২৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে ঢাকা সিটি করপোরেশনের প্রথম নির্বাচিত মেয়র জনাব মোঃ হানিফ এর মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ১ মিনিট নিরবতা পালন এবং তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়ার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা, সভার সভাপতি ও মাননীয় প্যানেল মেয়র জনাব মো: জামাল মোস্তফা, মাননীয় প্যানেল মেয়র জনাব আলেয়া সারোয়ার ডেইজী, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি-১	:	**১৮ অক্টোবর ২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৭তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে।**
আলোচনা	:	গত ১৮ অক্টোবর ২০১৮ তারিখ অনুষ্ঠিত ২৭তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।
সিদ্ধান্ত	:	২৭তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২	:	**২৭তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি**
আলোচনা	:	সভায় ২৭তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানানো হয়।
সিদ্ধান্ত	:	২৭তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৩	:	**বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন বিষয়ে খসড়া MOU অনুমোদন প্রসঙ্গে।**
আলোচনা	:	বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের বিষয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রস্তাবিত খসড়া MOU পর্যালোচনা করার জন্য ২৬তম কর্পোরেশন সভার বিবিধ (ক) সিদ্ধান্তের আলোকে স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.১৭৪.১৭-৮৪৯, তারিখ : ১৭/১০/১৮ খ্রিঃ মাধ্যমে গঠিত কমিটির সভা গত ২৪/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় আলোচনা পর্যালোচনা ও সুপারিশের আলোকে খসড়া MOU আংশিক সংশোধন সংযোজন করে কর্পোরেশন সভায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের বিষয়ে ডিএনসিসি'র গঠিত কমিটি কর্তৃক সংশোধিত MOU অনুমোদনের বিষয়ে উপস্থিত সকল কাউন্সিলর একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের বিষয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রস্তাবিত খসড়া MOU সম্পাদনের নিমিত্ত খসড়া চুক্তি অনুমোদন করা হয়।
বাস্তবায়ন	:	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

আলোচ্যসূচি-৪	:	**পাবলিক টয়লেট পরিচালনা নীতিমালা, ২০১৮ খসড়া অনুমোদন প্রসঙ্গে।**
আলোচনা	:	ডিএনসিসি'র প্রকৌশল বিভাগের পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল কর্তক ঢাকা উত্তর সিটি

		কর্পোরেশনের আওতাধীন পাবলিক টয়লেট সমূহের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৮ প্রস্তুত করে অনুমোদেন জন্য সভায় উপস্থাপন করা হয়।
সিদ্ধান্ত	:	পাবলিক টয়লেট পরিচালনা নীতিমালার খসড়া সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।
বাস্তবায়ন	:	প্রধান প্রকৌশলী/প্রধান নগর পরিকল্পনাবিদ/প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৫	:	**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন "সড়ক সৌন্দর্য বর্ধণ ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৮" অনুমোদন প্রসঙ্গে।**
আলোচনা	:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন "সড়ক সৌন্দর্য বর্ধণ ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৮" এর খসড়া পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য ২৬তম কর্পোরশন সভার আলোচ্যসূচী ৯ এর সিদ্ধান্তের আলোকে স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.১৭৪.১৭-৮৪৭, তারিখ : ১৭/১০/১৮ খ্রিঃ মাধ্যমে গঠিত কমিটির সভা ২৮/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় আলোচনা পর্যালোচনা ও সুপারিশের আলোকে খসড়া নীতিমালা আংশিক সংশোধন সংযোজন করে কর্পোরেশন সভায় অনুমোদনের জন্য প্রেরণ করেছে। ৩২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাবিবুর রহমান বলেন, যেহেতু সড়ক সৌন্দর্য বর্ধণ ও রক্ষণাবেক্ষণ কাজে রাজস্ব আদায়ের বিষটি জড়িত এবং বিজ্ঞাপন রাজস্ব বিভাগের মাধ্যমে সম্পন্ন করতে হবে মর্মে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে সেহেতু বহিঃবিজ্ঞাপনের অনুরূপভাবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "সড়ক সৌন্দর্য বর্ধণ ও রক্ষণাবেক্ষণ" কাজ ডিএনসিসির রাজস্ব বিভাগের মাধ্যমে সম্পন্ন করা প্রয়োজন। অনুরূপভাবে ০১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আফছার উদ্দিন খান ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "সড়ক সৌন্দর্য বর্ধণ ও রক্ষণাবেক্ষণ" কাজে প্রধান রাজস্ব কর্মকর্তা'কে সম্পৃক্ত করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কিন্তু কোন সিদ্ধান্তে পৌছানো সম্ভব হয় নি বিধায় বিষয়টি অধিকতর পর্যালোচনা পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় ঐক্যমত পোষণ করা হয়।
সিদ্ধান্ত	:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "সড়ক সৌন্দর্য বর্ধণ ও রক্ষণাবেক্ষণ" কাজের বিষয়ে অধিকতর পর্যালোচনা পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৫	:	**বিবিধ**
আলোচনা	:	বিবিধ আলোচনায় অংশ নিয়ে সম্মানিত কাউন্সিলর ও মাননীয় প্যানেল মেয়র সদস্য জনাব আলেয়া সারোয়ার ডেইজী ডিএনসিসি'র বিভিন্ন বিভাগের মাঠ পর্যায়ের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক কাজে গতিশীলতা আনয়নের লক্ষে একটি বিশেষ কাউন্সিল কমিটি গঠনের প্রস্তাব করেন। তিনি ডিএনসিসি'র প্রথম মেয়র ও কাউন্সিলরদের নামের তালিকা দৃশ্যমান কোন স্থানে প্রদর্শনের অনুরোধ জানান। ৩২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাবিবুর রহমান আলোচনায় অংশ নিয়ে বলেন, যেহেতু সকল বিভাগ ভিত্তিক স্ট্যান্ডিং কমিটি বিদ্যমান আছে এবং স্ট্যান্ডিং কমিটিসমূহ সক্রিয়ভাবে কাজ করছে সেহেতু আলাদা কোন কাউন্সিলর কমিটি গঠন করার প্রয়োজন নেই। তিনি বলেন ডিএনসিসিতে কর্পোরেশন সভার নামে যৌথ সভা অনুষ্ঠিত হয়। কর্পোরেশন সভায় সকলের জবাবদিহিতা করতে হবে। তিনি আরও বলেন, ডিএনসিসি'র বিদ্যুৎ বিভাগসহ বিভিন্ন দপ্তরে জনবল সংকট রয়েছে। তিনি জনবল নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। ১৭ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জিন্নাত আলী বলেন, অর্থ কমিটির সভায় প্রতিটি কাউন্সিলরদের অনুকূলে ৩ কোটি টাকা করে বরাদ্দ প্রদানের সুপারিশ করা হয়েছিলো। কিন্তু এর কোন বাস্তবায়ন হয়নি। তিনি জাতীয় নির্বাচনের আগে ভোট কেন্দ্রে যাওয়ার রাস্তাসমূহ সংস্কারের অনুরোধ জানান। তিনি বলেন